

খুলনা অঞ্চলের ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধান, নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা

বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ ও বাংলাদেশ ব্যাংক খুলনা অফিসের যৌথ উদ্যোগে বিগত ১০ জুলাই, ২০১৭ তারিখ খুলনা অঞ্চলের ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধান, নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবদুর রহিম। সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংক, খুলনা অফিসের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব মোঃ রবিউল ইসলাম। প্রধান কার্যালয়ের প্রতিনিধি হিসেবে আরোও উপস্থিত ছিলেন এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটের যুগ্ম-পরিচালক সর্বজনাব মোঃ মোবারক হোসেন ও রোজিনা আক্তার মুস্তাফী। তাছাড়া, সভায় খুলনা অঞ্চলের ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধান, নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটের কর্মকর্তা, স্থানীয় বিভিন্ন চেম্বার/এসাসিয়েশন এর প্রতিনিধি, নারী উদ্যোক্তাসহ বাংলাদেশ ব্যাংক খুলনা অফিসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



নারী উদ্যোক্তাদের মাঝে প্রকাশ্যে ঋণের চেক হস্তান্তর করছেন প্রধান অতিথি

প্রধান অতিথি তাঁর বক্তব্যে সরকারের নীতির সাথে সামঞ্জস্য রেখে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) অর্জনে বাংলাদেশ ব্যাংক প্রতিনিয়ত নারী উদ্যোক্তা উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে মর্মে উল্লেখ করেন। নারী উদ্যোক্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের দক্ষতা উন্নয়ন এবং আর্থিক খাতে প্রবেশগম্যতা বৃদ্ধির মাধ্যমেই কেবল টেকসই অর্থনৈতিক উন্নয়ন সম্ভব বলে তিনি মন্তব্য করেন। কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের গৃহীত কর্মসূচির ফলে সমাজের সুবিধা বঞ্চিত ও অবহেলিত নারীরা অর্থনৈতিক কর্মকাণ্ডে অধিকহারে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাচ্ছেন। এর ফলে Financial Inclusion এর সুফল প্রাপ্তিক পর্যায়ের এসএমই নারী উদ্যোক্তাদের নিকট পৌঁছে যাচ্ছে মর্মে তিনি জানান। প্রধান অতিথি নারী উদ্যোক্তাদেরকে কোন প্রকার সহায়ক জামানত ছাড়াই ব্যক্তিগত/সামাজিক গ্যারান্টির বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানের এবং নতুন নারী উদ্যোক্তাদের ঋণ প্রদানে অগ্রণী ভূমিকা পালনের জন্য সকল ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতি জোর তাগিদ প্রদান করেন।

সভায় উপস্থিত নারী উদ্যোক্তাগণ এ ধরনের মতবিনিময় অনুষ্ঠান আয়োজন অব্যাহত রাখার অনুরোধ জানান। নারী উদ্যোক্তাদের উত্থাপিত বিভিন্ন সমস্যা সমাধানের বিষয়ে উপস্থিত ব্যাংক প্রতিনিধিগণ তাৎক্ষণিকভাবে আশ্বস্ত করেন। অনুষ্ঠানে নারী উদ্যোগ অর্থায়নকে উৎসাহিত করতে প্রধান অতিথি বিভিন্ন ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের ১৭ টি নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাঝে ১ কোটি ৯৬ লক্ষ টাকার ঋণের চেক প্রকাশ্যে হস্তান্তর করেন।

অনুষ্ঠানের সভাপতি ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব মোঃ রবিউল ইসলাম সভায় যোগদানের জন্য বাংলাদেশ ব্যাংক পরিবারের পক্ষ থেকে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে নারী উদ্যোক্তা উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকল ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান এবং নারী উদ্যোক্তাদেরকে যে কোন প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক, খুলনা অফিসের কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের পরামর্শ প্রদান করেন।